তারিখ ...........
পৃষ্ঠা ...........

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-শাঃ ১৩/১-১(রাশিয়া)/৯৯/৩৩ তারিখঃ ১১/০২/২০০১

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ রাশিয়া সরকার প্রদত্ত স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে বৃত্তিঃ ২০০১ প্রসংগে।

২০০১-২০০২ শিক্ষাবর্ষে রাশিয়া সরকার প্রদত্ত স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়ে অধ্যয়নের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| | বিভাগ/বিষয় | সুযোগ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ক) | আন্ডারগ্র্যাজুয়েট<br>১। বিজ্ঞানের সকল বিষয়<br>২। মানবিক এর সকল বিষয় | ২৫ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে গড়ে শতকরা ৮০% নম্বর এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে ৮০% নম্বর থাকতে হবে। এছাড়া উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অন্যান্য বিষয়ে সন্তোষজনক নম্বর থাকতে হবে। |
| খ) | পোষ্টগ্র্যাজুয়েট<br>১। বিজ্ঞান ও সমাজ বিজ্ঞানের সকল বিষয়<br>২। কৃষির সকল বিষয়<br>৩। ইঞ্জিনিয়ারিং সকল বিষয়<br>৪। সাংবাদিকতা<br>৫। আইন<br>৬। আন্তর্জাতিক সম্পর্ক<br>৭। অর্থনীতি ও ব্যবস্থাপনা<br>৮। মেডিকেল সাইন্স | ১৫ | সকল পরীক্ষায় ১ম বিভাগ সহ সংশ্লিষ্ট বিষয়ে মাষ্টার্স |

২। ২।কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবেন না। একাধিক বিষয়ে আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গন্য হবে।

৩। প্রার্থীকে রাশিয়া যাওয়া এবং অধ্যয়ন শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিজেকে বহন করতে হবে।

৪। স্নাতকোত্তর পর্যায়ে আবেদনকারীকে নিম্নোক্ত নীতিমালা অনুসারে ১০০ নম্বরের মধ্যে তাদের মূল্যায়ন করে মেধার ভিত্তিতে মনোনয়ন দেয়া হবে।
(ক) এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ২০ নম্বর
(খ) এইসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ২০ নম্বর
(গ) স্নাতকপূর্ব পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ৩০ নম্বর
(ঘ) স্নাতকোত্তর পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ৩০ নম্বর

৫। বয়স সীমা ঃ (ক) স্নাতকপূর্ব কোর্সের জন্য ২৭ বৎসর
(খ) স্নাতকোত্তর কোর্সের জন্য ৩৫ বৎসর।

৬। রাশিয়া সরকার প্রদত্ত বৃত্তির পরিমান পর্যাপ্ত না হলে অতিরিক্ত প্রয়োজনীয় অর্থ প্রার্থীকে/অভিভাবককে নিজেই বহন করতে হবে। এ বিষয়ে বাংলাদেশ সরকারের কোন আর্থিক দায়দায়িত্ব থাকবে না এবং চূড়ান্তভাবে নির্বাচিত হলে অবশ্যই রাশিয়া গমন করতে হবে।

৭। ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে দন্ডবিধি অনুসারে ব্যবস্থা গ্রহন করতে হবে।

৮। ইতোপূর্বে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে কোন বৃত্তির জন্য প্রাথমিকভাবে মনোনীত হলে তার আবেদন করার প্রয়োজন নাই।

৯। নিম্নে প্রদত্ত নির্ধারিত ছকে আবেদন পত্র দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে সকল পরীক্ষা পাশের নম্বর পত্র, সার্টিফিকেট এর অনুলিপি ও এককপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দিতে হবে। আগামী ১৫/৩/২০০১ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর ঠিকানায় (রুম নং-১৭০৬, বিল্ডিং নং-৬,) ১৭শ ফ্লোরে রক্ষিত বাক্সে অথবা ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদন পত্রের খামের উপর রাশিয়া সরকারের "স্নাতক বৃত্তি" অথবা রাশিয়া সরকারের "স্নাতকোত্তর বৃত্তি" এবং প্রার্থিত বিষয়ের নাম উল্লেখ করতে হবে। যাহারা ৩ বছর আগে পাশ করেছেন তারা আবেদন করতে পারবেন না।

১০। **আবেদনের ছক নিম্নরূপ**

রাশিয়া সরকার প্রদত্ত স্নাতক/স্নাতকোত্তর
বৃত্তি-২০০১-২০০২ এর জন্য আবেদন
প্রার্থিত বিষয়ের নাম ঃ

(ক) প্রার্থীর নাম ঃ
(খ) পিতার নাম ঃ
(গ) জন্ম তারিখ এবং ১৫/৩/২০০১ তারিখে বয়স ঃ
(ঘ) জাতীয়তা ঃ
(ঙ) বর্তমান ঠিকানা (টেলিফোন অফিসসহ) ঃ
(চ) টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ
(ছ) স্থায়ী ঠিকানা ঃ
(জ) এস এস সি হতে সকল পরীক্ষার ফলাফল

| পরীক্ষার নাম | বিভাগ | পাশের সন | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| এস এস সি | | | |
| এইচ এস সি | | | |
| এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলঃ | | | মোট নম্বর |

| এইচএসসি পরীক্ষার প্রাপ্ত নম্বর | পদার্থ বিজ্ঞান | রসায়ন | গণিত/জীববিজ্ঞান | সংশ্লিষ্ট বিষয়ের নম্বর (%) |
|---|---|---|---|---|

(জ)-২ (স্নাতকোত্তর পর্যায়ে প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য (এসএসসি হতে পরবর্তী সকল পরীক্ষার তথ্য)

| পরীক্ষার নাম | পাশের বছর | শাখা/বিষয় | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | প্রাপ্ত নম্বর ও শতকরা হার | ৪নং অনুচ্ছেদ মোতাবেক স্কোর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| ৪ নং অনুচ্ছেদ মোতাবেক ১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত মোট স্কোর | | | | | মোটঃ |

আমি এতদ্বারা ঘোষণা করছি যে রাশিয়া সরকারের বৃত্তিতে মনোনীত হলে রাশিয়া যাব এবং আমি উক্ত বিষয়ে অধ্যয়নে অতিরিক্ত খরচ নিজে বহন করবো।

আবেদনকারীর স্বাক্ষর

১১। মনোনয়নের জন্য প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা সচিবালয়ের ১নং গেইট ও ৬নং ভবনের লিফটের পার্শ্বে টাংগিয়ে দেয়া হবে এবং মনোনীত প্রার্থীদের জরুরী ভিত্তিতে পুরণকৃত ফরম ও অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা মন্ত্রণালয়ে জমা দিতে হবে। ফর্মের সংগে নিম্নলিখিত কাগজপত্রের প্রয়োজন হবেঃ-

১২। মনোনীত প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্র ফর্মের সাথে সংযুক্ত করতে হবেঃ
ক) প্রার্থীর পূর্ণ নাম ঠিকানা
খ) সার্টিফিকেট ও মার্কসীটের অনুলিপি নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত।
গ) মেডিকেল সার্টিফিকেট সরকারী স্বাস্থ্য বিভাগ থেকে সত্যায়িত।
ঘ) সরকারী স্বাস্থ্য বিভাগ থেকে এইচ আই ভি ভাইরাসমুক্ত সার্টিফিকেট।
ঙ) বার্থ সার্টিফিকেট নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত।
চ) ৬ কপি ছবি (৪ X ৬) সাইজ।

(সৈয়দা সালমা জাফরীন)
সহকারী সচিব
ফোনঃ ৮৬১ ৫০ ৩২